গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-পিডি/পরি-২/২০০২/৬৩৬(৬৫)

তারিখঃ ২৮/৫/২০০২ ইং।

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক,
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক ঃ ১। সিনিয়র তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয় কারাগার।
২। তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার।

বিষয় ঃ কারাগারে আটক গুরুতর অসুস্থ্য বিচারাধীন বন্দীদের কারা বিধি মোতাবেক জামিনের ব্যবস্থা গ্রহন প্রসংগে।

---

কারা বিধি ১ম খন্ডের ১৩১ ধারানুযায়ী গুরুতর অসুস্থ্য বিচারাধীন বন্দীদের জামিনে মুক্তির বিষয়ে সংশ্লিষ্ট বিজ্ঞ আদালতকে লিখিতভাবে জানানো ও জামিনের জন্য উপস্থাপনের বিধান রয়েছে। কিন্তু উক্ত বিধান যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না। ফলশ্রুতিতে অনেক গুরুতর অসুস্থ্য বন্দী কারাগারে জটিল রোগে ভুগছে এবং চিকিৎসার জন্য তাদেরকে বাহির হাসপাতালে প্রেরন করতে হচ্ছে। এমনকি এক ষ্টেশন থেকে অন্য ষ্টেশনে চিকিৎসার জন্য স্থানান্তর করতে হচ্ছে।

কারা বিধির উক্ত ধারা যথাযথভাবে প্রতিপালন করা হলে গুরুতর অসুস্থ্য বিচারাধীন বন্দীগন একদিকে যেমন কারাগার হতে জামিন লাভের সুযোগ পাবে পাশাপাশি কারাগারে বন্দীর সংখ্যা হ্রাস পাবে ও ব্যয় কমবে এবং চিকিৎসা খাতে সরকারের প্রচুর অর্থ সাশ্রয় হবে।

অতএব, কারা বিধির উক্ত ধারা যথাযথভাবে প্রতিপালন করার জন্য বলা হ'ল।

(মোঃ আব্দুল জাহির)
অতিরিক্ত কারা মহা পরিদর্শক(চঃদাঃ)
পক্ষে কারা মহা পরিদর্শক।

স্মারক নং- পিডি/পরি-২/২০০২/৬৩৬/১(৪)

তারিখঃ ২৮/৫/২০০২ ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ বরাবরে প্রেরন করা হ'ল।

কারা বিধি ১ম খন্ডের ১৩১ ধারাটি--- তাঁর বিভাগস্থ কারাগার সমূহে যথাযথভাবে প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হ'ল।

(মোঃ আব্দুল জাহির)
অতিরিক্ত কারা মহা পরিদর্শক(চঃদাঃ)
পক্ষে কারা মহা পরিদর্শক।

শৈলেশ/"
২৮/০৫/২০০২ ইং।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং পিডি/পরি-২/২০০১/১০১৩ (৫৩)    তারিখ ১৮ জুলাই/২০০১ / ০৩ শ্রাবন/১৪০৮।

প্রেরক : মুহম্মদ লিয়াকত আলী খান
কারা মহা পরিদর্শক।

প্রাপক : সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার(ঢাকা কেন্দ্রীয় কারাগার ব্যতীত)।

বিষয় : পূর্বানুমোদন গ্রহন ব্যতিরেকে কোন অসুস্থ বন্দীকে চিকিৎসার জন্য ঢাকা কেন্দ্রীয় কারাগারে স্থানান্তর করা প্রসংগে।

বরাত : কারা অধিদপ্তরের স্মারক নং পিডি/জি এল-২/২০০০/১৩৪০(৬৪)তারিখ ০২-১১-২০০০ইং, নং পিডি/পরি-২/২০০১/৩৩২(৬৩)তারিখ ১১-৩-২০০১ইং।

উদ্বিগ্নের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, দেশের অধিকাংশ কেন্দ্রীয় ও জেলা কারাগার হতে প্রায়শঃই নিম্নস্বাক্ষরকারীর পূর্বানুমোদন গ্রহন ছাড়াই, চিকিৎসার জন্য অসুস্থ বিবেচিত বন্দীদেরকে ঢাকা কেন্দ্রীয় কারাগারে স্থানান্তর করা হচ্ছে। ফলে বিগত কালে সময় সময় এ বিষয়ে দেয়া সকল প্রকার নির্দেশ/উপদেশ এর মূল্যায়ন উপেক্ষা করা হচ্ছে। এ প্রবনতা বন্ধ করা অত্যন্ত অপরিহার্য্য হয়ে পড়েছে। কেননা এ জন্য একদিকে যেমন ঢাকা কেন্দ্রীয় কারাগারের পক্ষে বন্দী আধিক্যতার চাপ সহ্য করা দুরহ হয়ে পড়েছে অন্যদিকে একই কারনে সরকারকে প্রতিদিন প্রচুর অর্থ ব্যয় নির্বাহ সহ বিপুল সংখ্যক জনবল ব্যবহার করতে হচ্ছে।

প্রসংগত উল্লেখ্য যে, কিছু কিছু ক্ষেত্রে দেখা যাচ্ছে বিভিন্ন কারাগার হতে চিকিৎসার নিমিত্তে প্রেরিত বন্দীকে ঢাকাস্থ বিভিন্ন হাসপাতালের বর্হিবিভাগে চিকিৎসা প্রদান করতঃ ফেরৎ প্রেরন করা হচ্ছে এবং এ চিকিৎসাতেই অসুস্থ বন্দী রোগমুক্ত হচ্ছে। বর্তমানে দেশের অনেক জেলা সদরে চিকিৎসা মহা বিদ্যালয় রয়েছে। যেখানে অসুস্থ বন্দীদের অধিকাংশেরই চিকিৎসা প্রদান সম্ভব বিবেচনা করা যায়।

অতএব, উপর্যুক্ত অনাকাংখিত পরিস্থিতির সুষ্ঠু নিয়ন্ত্রন কল্পে পুনঃসিদ্ধান্ত না দেয়া পর্যন্ত আপনার কারাগারের অসুস্থ বন্দীকে ঢাকা কেন্দ্রীয় কারাগারে চিকিৎসার নিমিত্তে স্থানান্তর পরিহার করতঃ নিকটবর্তী অন্য চিকিৎসা মহা বিদ্যালয়ে প্রেরনের উদ্যোগ গ্রহনের জন্য বলা হল। তবে একান্তই বন্দীর অসুস্থতা পরিস্থিতি বিবেচনায় যদি তাকে ঢাকা কেন্দ্রীয় কারাগারে স্থানান্তর আবশ্যক বলে মনে হয় সেক্ষেত্রে সংশ্লিষ্ট বন্দীকে স্থানান্তরের পূর্বে অবশ্যই কমপক্ষে টেলিফোনে নিম্নস্বাক্ষরকারীর কিংবা অনুপস্থিতিতে অতিরিক্ত কারা মহা পরিদর্শকের অনুমোদন গ্রহন বাধ্যতামূলক করা হোল এবং ইহার ব্যত্যয়কারী কর্মকর্তা/কর্মচারীর প্রতি কঠোর মনোভাব পোষন করা হবে মর্মে জ্ঞাত করানো হোল।

(মুহম্মদ লিয়াকত আলী খান)
কারা মহা পরিদর্শক।

স্মারক নং পিডি/পরি-২/২০০১/১০১৩ (৫৩)/১(৫) তারিখ ১৮ জুলাই/২০০১ / ০৩ শ্রাবন/১৪০৮।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হলো :-

১। কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। সিনিয়র তত্ত্বাবধায়ক, ঢাকা কেন্দ্রীয় কারাগার।

(মুহম্মদ লিয়াকত আলী খান)
কারা মহা পরিদর্শক।

মোতাজের
১৮-০৭-২০০১ইং।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা শাখা-২।

পত্র সংখ্যা- ৪৪.০০.০০০০.০২৪.০১.০০২.১৪-৭৩

তারিখঃ ০৬ জ্যৈষ্ঠ ১৪২২
২০ মে ২০১৫

বিষয় ঃ Under Custody-তে থাকা অসুস্থ কারাবন্দি রোগীদের বারডেমে ভর্তি সংক্রান্ত।

সূত্র ঃ বারডেম জেনারেল হাসপাতাল এর পত্র সংখ্যা-বারডেম/প্রশাসন-৩১৮(খ-২৭)/২০১৫/২৯১৭ঃ তারিখঃ ০২-০৫-২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকে বারডেম হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

০২। উল্লেখ্য, কারাগার হতে বিভিন্ন সময় Under Custody-তে থাকা অসুস্থ কারাবন্দি রোগীদের BIRDEM হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়ে থাকে। হাসপাতালে সাধারণতঃ Under Custody-তে থাকা কারাবন্দি রোগীদের চিকিৎসার জন্য প্রিজন্স সেলে রাখা আবশ্যক। কিন্তু BIRDEM হাসপাতালে কোন প্রিজন্স সেল না থাকায় উক্ত বন্দিদের কেবিনে রাখতে হয়। এছাড়া BIRDEM হাসপাতালে Under Custody-তে থাকা কারাবন্দি রোগীদের পাহারার জন্য পুলিশ অবস্থানের কোন সুব্যবস্থা না থাকায় অন্য রোগীগণ ভীত ও অস্বস্তিবোধ করে থাকেন। বর্তমানে ঢাকা শহরের সকল সরকারী হাসপাতালে ডায়াবেটিস রোগীদের চিকিৎসা প্রদান করা হয়। এছাড়া প্রিজন্স সেলের সুবিধা সম্বলিত বিএসএমএমইউ-তেও ডায়াবেটিস রোগীদের উপযুক্ত চিকিৎসা সেবা প্রদান সম্ভব। এপ্রেক্ষিতে Under Custody-তে থাকা কারাবন্দি রোগীদের BIRDEM-এ প্রেরণ না করার জন্য BIRDEM হাসপাতাল কর্তৃপক্ষ এ মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়েছে।

০৩। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে (০১ পাতা)।

(মোঃ সফিকুর রহমান)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৪৫১৪।

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।

কারা অধিদপ্তর, ঢাকা।

পত্র.নং- ৪৪.০৭.০০০০.০২৭.০১.০০২.১৫- ৭৪৬(৭)    তারিখঃ ২৮-০৫-২০১৫ খ্রিঃ।

অনুলিপি (সংযুক্তিসহ) অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। বিষয়টি আপনার অধীনস্থ কারাগারসমূহকে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ (ঢাকা)
সকল সদর দপ্তর।

মোঃ আব্দুল জলিল
সহকারি কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহাপরিদর্শক।
ফোন- ৭৩০০৪৬৪ (দপ্তর)।

# BIRDEM GENERAL HOSPITAL

**Bangladesh Institute of Research and Rehabilitation in Diabetes, Endocrine and Metabolic Disorders**

নং-বারডেম/প্রশাসন-৩১৮(খ-২৭)/২০১৫/২৩১১৭ তারিখ ঃ ১৩.০৫.২০১৫

| |
|---|
| সিনিয়র সচিব মহোদয়ের দপ্তর |
| অতিরিক্ত সচিব<br>যুগ্ম-সচিব (অ.শৃ/পুলিশ/রাজনৈতিক) |
| অতিরিক্ত সচিব<br>যুগ্ম-সচিব (আইন ও পরি / নিরা ও বহি/প্রশাসন) |
| স্বাক্ষর: ; তারিখ: ১৪/৫ |

বরাবর
জ্যেষ্ঠ-সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা।

বিষয় ঃ Under Custody-তে থাকা রোগীদের বারডেমে ভর্তি সংক্রান্ত

জনাব

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে বিভিন্ন সময় Under Custody-তে থাকা রোগীদের ভর্তির জন্য বারডেম হাসপাতালে পাঠানো হয়। বারডেম হাসপাতালের চিকিৎসার উপর আস্থা রাখার জন্য আপনাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। Under Custody-তে থাকা রোগীদের চিকিৎসার জন্য প্রিজন সেল-এর প্রয়োজন হয়। কিন্তু বারডেমে কোন প্রিজন সেল নেই বিধায় তাঁদের কেবিনে রাখতে হয়। এ ছাড়া বারডেমে Under Custody-তে থাকা রোগীদের পাহারার জন্য পুলিশ অবস্থানের কোন ব্যবস্থা না থাকায় অন্য রোগীগন ভীত ও অস্বস্তিবোধ করেন। বর্তমানে ঢাকা শহরের সকল সরকারী হাসপাতালে ডায়াবেটিস রোগীদের চিকিৎসা প্রদান করা সম্ভব। বিশেষ করে বিএসএমএমইউ-তে ডায়াবেটিস রোগীদের উপযুক্ত চিকিৎসা সেবা দেয়া সম্ভব এবং সেখানে প্রিজন সেল আছে।

এমতাবস্থায় উপরোক্ত বিষয়াদি বিবেচনা করে Under Custody-তে থাকা রোগীদের বারডেমে না পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বারডেম সর্বদা সরকার-এর প্রয়োজনে সকল ধরনের সহযোগিতা প্রদানে প্রস্তুত রয়েছে।

ধন্যবাদান্তে-

অধ্যাপক নাজমুন নাহার
মহাপরিচালক, বারডেম।

অনুলিপি ঃ

| |
|---|
| যুগ্ম সচিব (প্রঃ) এর দপ্তর স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপ সচিব (প্রঃ) / (প্রঃ-৩) / (প্রঃ-৪) |
| ডায়েরী নং ২৩৮১ ; ১৪/৫ |

| |
|---|
| কারা অধিদপ্তর |
| ডায়েরী নং- ৬২১ |
| তারিখ- ২০/৫/১৫ |

বিভাগীয় দপ্তর

পত্র নং-৪৪.০৭.২৬০০.০৬১.০৩.০০১.১৫- ৭৬০(২১) তারিখ : ২১ /০৫/২০১৫ খ্রিষ্টাব্দ।

অনুলিপি অবগতি ও পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র জেল সুপার/জেল সুপার ..........কেন্দ্রীয়/জেলা কারাগার বরাবরে প্রেরণ করা হলো।

মোঃ গোলাম হায়দার
কারা উপ মহাপরিদর্শক
ঢাকা বিভাগ, ঢাকা

৫৭০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রনালয়
কারা শাখা-২

নং ৪০৭-বিবিধ-২৯/৯১-কারা-২ তারিখ : ০৭-০৯-৯২ ইং / ২৩-০৫-৯৯ বাং

বিষয় : কারাগারে অবস্থানরত অসুস্থ বন্দীদের বাহিরের সরকারী হাসপাতাল সমূহে চিকিৎসার পরীক্ষা নিরীক্ষা প্রসংগে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া উপরোক্ত বিষয়ে জানাইতেছে যে, কারাবন্দীদের বাহিরের হাসপাতালে চিকিৎসার ক্ষেত্রে, পূর্ববর্তী সকল নির্দেশাবলী বাতিল করিয়া নিম্নের নির্দেশ জারী করা হইল :-

(১) ঢাকা কেন্দ্রীয় কারাগার

সিভিল সার্জন/মেডিকেল বোর্ডের সুপারিশক্রমে এবং ঢাকা কেন্দ্রীয় কারাগারের ডি,আই,জি/সুপারইনটেনডেন্টের প্রস্তাব মতে, আই, জি, (প্রিজন্স) স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের পূর্বানুমতিক্রমে প্রেরন করিতে পারিবেন।

(২) অন্যান্য কেন্দ্রীয় কারাগার যথা : যশোর, কুমিল্লা ও রাজশাহী।

সিভিল সার্জন/মেডিকেল বোর্ডের সুপারিশক্রমে সংশ্লিষ্ট ডি,আই,জি (প্রিজন্স) স্থানীয় সরকারী হাসপাতালে প্রেরনের অনুমতি প্রদান করিতে পারিবেন। তবে অনুমোদনের অনুলিপি অবশ্যই আই, জি, (প্রিজন্স) ও স্বরাষ্ট্র মন্ত্রনালয়ে প্রেরন করিতে হইবে।

(৩) জেলা কারাগার/উপ-কারাগার/থানা কারাগার

সংশ্লিষ্ট সিভিল সার্জন/মেডিকেল বোর্ড/থানা স্বাস্থ্য প্রশাসকের সুপারিশক্রমে জেলা সুপারিটেনডেন্ট স্থানীয় সরকারী হাসপাতালে চিকিৎসার জন্য অনুমতি প্রদান করিতে পারিবেন, তবে অনুমতি প্রদানের পূর্বে সংশ্লিষ্ট জেলা ম্যাজিষ্ট্রেটের পূর্বানুমতি গ্রহন করিতে হইবে।

(৪) সকল কারাগার (শুধুমাত্র বিশেষ ধরনের চিকিৎসার ক্ষেত্রে)

কোন কারাবন্দী বিশেষ ধরনের জরুরী চিকিৎসার জন্য স্থানীয় সরকারী হাসপাতালের পরিবর্তে অন্য কোন স্থানের সরকারী হাসপাতালে প্রেরনের প্রয়োজন হইলে, উহা সংশ্লিষ্ট ডি,আই,জি'র প্রশাসনিক এলাকা বহির্ভূত না হইলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সম্মতি সাপেক্ষে ডি,আই,জি, নিজেই অনুমতি প্রদান করিবেন, আর যদি উহা তাহার প্রশাসনিক এলাকা বহির্ভূত হয় তাহা হইলে আই,জি (প্রিজন্স) এর পূর্বানুমতি গ্রহন করিতে হইবে।

( মোঃ নজরুল ইসলাম )
সহকারী সচিব ৮/৯/৯২

মহা-কারা পরিদর্শক
কারা অধিদপ্তর
ঢাকা।

২য় পাতায় দ্রঃ

AB+RB+SB

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-পিডি/পরি-২/২০০২/৬৩৬(৬৫)　　　　　　　　তারিখঃ ২৮/৫/২০০২ ইং।

প্রেরকঃ কারা মহা পরিদর্শক,
বাংলাদেশ, ঢাকা।

প্রাপকঃ ১। সিনিয়র তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয় কারাগার।
২। তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার।

বিষয়ঃ কারাগারে আটক গুরুতর অসুস্থ্য বিচারাধীন বন্দীদের কারা বিধি মোতাবেক জামিনের ব্যবস্থা গ্রহন প্রসংগে।

---

কারা বিধি ১ম খন্ডের ৯৩১ ধারানুযায়ী গুরুতর অসুস্থ্য বিচারাধীন বন্দীদের জামিনে মুক্তির বিষয়ে সংশ্লিষ্ট বিজ্ঞ আদালতকে লিখিতভাবে জানানো ও জামিনের জন্য উপস্থাপনের বিধান রয়েছে। কিন্তু উক্ত বিধান যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না। ফলশ্রুতিতে অনেক গুরুতর অসুস্থ্য বন্দী কারাগারে জটিল রোগে ভুগছে এবং চিকিৎসার জন্য তাদেরকে বাহির হাসপাতালে প্রেরন করতে হচ্ছে। এমনকি এক ষ্টেশন থেকে অন্য ষ্টেশনে চিকিৎসার জন্য স্থানান্তর করতে হচ্ছে।

কারা বিধির উক্ত ধারা যথাযথভাবে প্রতিপালন করা হলে গুরুতর অসুস্থ্য বিচারাধীন বন্দীগন একদিকে যেমন কারাগার হতে জামিন লাভের সুযোগ পাবে পাশাপাশি কারাগারে বন্দীর সংখ্যা হ্রাস পাবে ও ব্যয় কমবে এবং চিকিৎসা খাতে সরকারের প্রচুর অর্থ সাশ্রয় হবে।

অতএব, কারা বিধির উক্ত ধারা যথাযথভাবে প্রতিপালন করার জন্য বলা হ'ল।

(মোঃ আব্দুল জাহির)
অতিরিক্ত কারা মহা পরিদর্শক(চঃদাঃ)
পক্ষে কারা মহা পরিদর্শক।

স্মারক নং- পিডি/পরি-২/২০০২/৬৩৬/১(৪)　　　　　　　　তারিখঃ ২৮/৫/২০০২ ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ বরাবরে প্রেরন করা হ'ল।

কারা বিধি ১ম খন্ডের ৯৩১ ধারাটি তাঁর বিভাগস্থ কারাগার সমূহে যথাযথভাবে প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হ'ল।

(মোঃ আব্দুল জাহির)
অতিরিক্ত কারা মহা পরিদর্শক(চঃদাঃ)
পক্ষে কারা মহা পরিদর্শক।

ইং।

মুঃ কেন্দ্রীয় কারাগার
আগত চিঠি
জেল সুপার
জেলার ২২০
ডকেট নং
বন্টনকৃত শাখা : অঃ শা / মুঃ শা / নিঃ শা
ভান্ডার/সং. শা অ শা যোগাযোগ

FAX 6602
OSI

"গুরুত্বপূর্ণ"

গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- পিডি/জিএল/১৯/৯৮/৫৪ (৬৬)

তারিখ ১৪ জানুয়ারী/৯৮
১ মাঘ/১৪০৪

প্রেরক : ব্রিগেডিয়ার মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
কারা মহা পরিদর্শক।

প্রাপক : ১। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক,
সকল জেল/~~উপ~~-কারাগার।

বিষয় : কারাগার সমূহে সংকটাপন্ন (মৃতপ্রায়) বন্দী রোগীদের চিকিৎসার নিমিত্ত হাসপাতালে প্রেরন প্রসংগে।

লক্ষ্য করা যাইতেছে যে, বিভিন্ন সময়ে কারাগারে অবস্থানরত বন্দীগন রোগে আক্রান্ত হইয়া সংকটাপন্ন অবস্থায় পতিত হয়। বাহিরে হাসপাতালে চিকিৎসা প্রদানের জন্য সহকারী সার্জন মেডিক্যাল অফিসার এর সুপারিশ থাকা সত্ত্বেও বিভিন্ন বিধি-বিধান অনুসরন করিয়া পরে বন্দীকে চিকিৎসার নিমিত্তে হাসপাতালে প্রেরনের ক্ষেত্রে যথেষ্ট কাল ক্ষেপন ঘটিয়া থাকে, এবং রোগী হাসপাতালে নেওয়ার সংগে সংগে কিংবা পথিমধ্যে মৃত বরন করে, যেখানে কারা প্রশাসনকে বিব্রতকর পরিস্থিতির সম্মুখীন হইতে হয়, এবং কারা প্রশাসনের ভাবমূর্তি ক্ষুন্ন হয়।

এরূপ সংকটাপন্ন বন্দী রোগীর ক্ষেত্রে সহকারী সার্জন/মেডিক্যাল অফিসার এর সুপারিশ অনুযায়ী তাৎক্ষনিকভাবে হাসপাতালে প্রেরন করতঃ যথাযথ চিকিৎসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিবেন।

পরবর্তীতে সংশ্লিষ্ট রোগীর বিষয়ে যথাযথ কর্তৃপক্ষকে টেলিফোনে অবহিত করন পূর্বক লিখিতভাবে ভুতাপেক্ষ অনুমোদন লওয়ার জন্যও অনুরোধ করা হইল।

14/1

মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক।
ফোন : ৯৫ ৬৫ ৭৮ ৩ (দপ্তর)।

শৈলেশ/
১৪-০১-৯৮ ইং।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

স্মারক সংখ্যা পিডি/পরি-৩২(সার্কুলার)/২০১১/৭৯ (৭১) তারিখঃ ২০-০১-২০১১ খ্রিঃ

বিষয় ঃ **বন্দীর চিকিৎসা সংক্রান্ত সহকারী সার্জনের মিনিটে তারিখের সাথে সময় উল্লেখ করণ প্রসঙ্গে**

১। উপরোক্ত বিষয়ে কারাগারে বন্দীদের চিকিৎসার নিমিত্তে সহকারী সার্জনের মিনিটে অধিকাংশ সময়ই শুধু তারিখ উল্লেখ করা থাকে কিন্তু সময় এবং রোগের নাম সঠিক ভাবে উল্লেখ করা হয় না। যার কারণে সঠিক সময়ে সঠিক পদক্ষেপ গ্রহন করা হয়েছে কিনা, এ বিষয়ে ধারণা করা যায় না।

২। এমতাবস্থায়, সুষ্ঠ কারা ব্যবস্থাপনার স্বার্থে এবং বন্দীদের সঠিক সময়ে উন্নত চিকিৎসা প্রদান নিশ্চিত করার নিমিত্তে সহকারী সার্জনের মিনিটে তারিখের সাথে সময় এবং রোগের সঠিক নাম যথাযথভাবে উল্লেখ করার জন্য বলা হ'ল।

২০/১/১১

সৈয়দ ইফতেখার উদ্দীন
কর্ণেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে- কারা মহাপরিদর্শক।
☏ ৭৩০০২২২ (দপ্তর)।

সিনিয়র জেল সুপার/ জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি,

কারা উপ-মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল বিভাগীয় দপ্তর।